

এআইইউবির সমাবর্তন শিক্ষাকে বাণিজ্যিকীকরণ করা যাবে না : রাষ্ট্রপতি

বাংলার কণ্ঠ ডেস্ক ▶

বিশ্ববিদ্যালয় পরিচালনায় বাণিজ্যিক স্বার্থকে প্রাধান্য না দেওয়ার জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রাজধানীর বিজয় সরণিতে সার্বিক জাদুঘর চক্রে আমেরিকান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এআইইউবি) সমাবর্তনে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, শিক্ষা কোনো শুল্ক নয়। কোর্সেই হবেই শিক্ষার বাণিজ্যিকীকরণ করা যাবে না।

সমাবর্তনে অনুষ্ঠানে বিভিন্ন বিষয়ে প্রাক্তক ও স্নাতকোত্তর পর্যায়ে দুই হাজার ৪০০ জন ছাত্রছাত্রীকে সনদ দেওয়া হয়। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী মুরুল ইসলাম নাহিদ বিশেষ অতিথি হিসেবে যোগ দেন। সমাবর্তনে বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক এ কে আজাদ চৌধুরী। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. কলমেন জেড স্যামাণস অনুষ্ঠানে বক্তব্য দেন। রাষ্ট্রপতি বলেন, দেশ ও জাতির স্বার্থকে অগ্রাধিকার দিয়ে বিশ্ববিদ্যালয়গুলোকে তৎপরত শিক্ষাদানের পাশাপাশি সমাজকল্যাণমূলক সংগঠনের দ্বারা সহায়ক ভূমিকা পালন করতে হবে।

বিশ্ববিদ্যালয়গুলোর অর্চার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে আন্তর্জাতিক মান অর্জন করতে হবে। তিনি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষকে শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশে বিভিন্ন কর্মসূচি গ্রহণের নির্দেশ দেন। তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক মানসম্মত শিক্ষার ব্যাপারে আগ্রহ কোনো আগ্রহ করব না।

রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ উচ্চশিক্ষা ক্ষেত্রে অস্বাধারণ সাক্ষ্য অর্জন করেছে। ১০০০ মানে উচ্চশিক্ষা গুর শিক্ষার্থী ছিল পাড়ে ১১ লাখ, এখন তা ২১ লাখ ছাড়িয়েছে। নতুন গ্রাজুয়েটদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি আপা প্রকাশ করেন, প্রতিযোগিতামূলক বিশ্বে তারা উন্নয়নের জীবনে পদার্পণ করবে, যা দেশ, জাতি ও তাদের পরিবারের জন্য সহায়ক হবে। সূত্র : বাসস।